

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধান প্রকৌশলীর কার্যালয়  
গণপূর্ত অধিদপ্তর  
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা  
ফোনঃ ৯৫৬২৭৯৫, ফ্যাক্সঃ ৮৮-০২-৯৫৬২৯১০  
www.pwd.gov.bd

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.২০.১০২.১৫-১৭০৭(২) হি-১

তারিখঃ ০৫/০২/২০১৯ বঃ  
১৯/০৫/২০১৯ খিঃ

বরাবর

তত্ত্বাবধায়ক প্রকৌশলী  
সাভার গণপূর্ত সার্কেল, ঢাকা/ গণপূর্ত ই-এম সার্কেল-২, ঢাকা।

বিষয়ঃ গণপূর্ত অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ঢাকাস্থ মিরপুর পাইকপাড়ার সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জন্য ৬০৮টি ছোট নির্মাণ শীর্ষক অনুমোদিত প্রকল্পের প্রকল্প কোড-২২৪০২৮৫০০) অনুকূলে ২০১৮-২০১৯ অর্থ বছরের সংশোধিত এডিপিতে বরাদ্দকৃত অর্থ হতে ৪র্থ কিস্তির অর্থ বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত প্রকল্পের কাজে চলতি-২০১৮-২০১৯ আর্থিক সালে খরচ করার জন্য ৪র্থ কিস্তিতে মোট=১০৫০০.২৫ লক্ষ (একশত পাঁচ কোটি পঁচিশ হাজার) টাকা মাত্র নিম্ন বিভাজন মোতাবেক বরাদ্দ করা হলো :

গণপূর্ত সার্কেল	গণপূর্ত বিভাগ	অর্থ বরাদ্দ (লক্ষ টাকা)				
		কোড/ খাতের বিবরণ	আবর্তক	মূলধন	মোট	
১১৮৮৬১-সাভার গণপূর্ত সার্কেল, ঢাকা	১১৮৯৩৬-মিরপুর গণপূর্ত বিভাগ, ঢাকা	৪১১১১০১	ভবন নির্মাণ (অভ্যন্তরীণ স্যানিটোরি, পানি সরবরাহ, অভ্যন্তরীণ বিদ্যুৎ, গ্যাস-সংযোগ চার্জসহ, এন্ট্রি টারমিট ট্রিটমেন্ট ও সেফটি ক্যানোপি (৮টি ভবন))	--	৯৮০০.২৫	৯৮০০.২৫
১১৮৮৬৪-গণপূর্ত ই/এম সার্কেল-২, ঢাকা	১১৮৯৩০-গণপূর্ত ই/এম বিভাগ-৬, ঢাকা	৪১১২৩০৩	বইঃস্থ বিদ্যুৎ ৮টি ভবনের জন্য	--	৭০০.০০	৭০০.০০
			মোটঃ	--	১০৫০০.২৫	১০৫০০.২৫

উক্ত খরচ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সাভার গণপূর্ত সার্কেল, ঢাকা ও প্রকল্প পরিচালক এর স্মারক নং-১৭৪৪ তারিখ ১৬/০৪/২০১৯ খিঃ এর দ্বারা মঞ্জুরিকৃত এবং প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২-তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা এর স্মারক নং-১৩৮১ তারিখঃ ০৯/০৫/২০১৯ খিঃ এর দ্বারা প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা এর নিকট পৃষ্ঠাংকনের মাধ্যমে লক্ষ্যকৃত ১০৫০০.২৫ লক্ষ টাকা উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং-২৯, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, হিসাবের কোড নং-৫-১৩২০৫-২২৪০২৮৫০০-৪১১১১০১ এবং ৪১১২৩০৩ খাতদ্বয়ে ২০১৮-২০১৯ অর্থ বছরের সংশোধিত এডিপিতে বরাদ্দকৃত অর্থ হতে সংকুলান/ বহন করতে হবে। উক্ত অর্থ প্রাপ্তির সাথে সাথে অর্থ প্রাপ্তির স্বীকৃতি প্রদান করতে হবে।

উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার যথাযথভাবে পর্যবেক্ষণ/ পালন পূর্বক খরচ করার নিমিত্তে সংশ্লিষ্ট গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলীর নিকট পুনঃ বরাদ্দ প্রদান করে এ অধিদপ্তরকে অবহিত করতে অনুরোধ করা যাচ্ছে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ আবশ্যিকভাবে অনুসরণ করতে হবেঃ

- শর্তসমূহ (ক) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর-২০০৬ এবং পিপিআর-২০০৮ (সর্বশেষ সংশোধনিসহ) অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে।  
(খ) ছাড়কৃত অর্থ অনুমোদিত ডিপিপি অংশভিত্তিক বরাদ্দ অনুযায়ী ব্যয় করতে হবে।  
(গ) উপরোক্ত অর্থ শুধু বরাদ্দের অংক নির্দেশ করে (শুল্ক ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এই অংকের বহির্ভূত)।  
(ঘ) ছাড়কৃত অর্থের অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩০ জুন, ২০১৯ তারিখের মধ্যে সমর্পণ করতে হবে।  
(ঙ) চলতি আর্থিক সালে বরাদ্দকৃত অর্থ খরচ করতে হবে এবং খরচের হিসাব অত্র দপ্তরে দাখিল করতে হবে।  
(চ) অর্থ ব্যয়/ এ কাজের বিল পরিশোধের ক্ষেত্রে কোন অনিয়ম উদঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবে।

(আশেক আহমেদ শিবলী)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)  
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা

ফোনঃ ৯৫৬৮৯১৪ ফ্যাক্সঃ ৯৫৫৪৬২৪

coord@pwd.gov.bd

১৯/০৫/১৯  
১৯/০৫/১৯  
১৯/০৫/১৯

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.২০.১০২.১৫-১৭০৭/২০

হি-১

তারিখঃ

০৫/০২/১৪২৫ বঃ  
১৯/০৫/২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। হিসাব মহা-নিয়ন্ত্রক, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস)/ (ই/এম), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা গণপূর্ত জোন, ঢাকা।
- ৪। মহা-পরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)/ (মনিটরিং এন্ড অডিট), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ৬। যুগ্ম সচিব, বাজেট অধিশাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। উপ সচিব, বাজেট অধিশাখা-২৪, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। প্রধান প্রকৌশলী মহোদয়ের স্টাফ অফিসার (নির্বাহী প্রকৌশলী), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ৯। নির্বাহী প্রকৌশলী, মিরপুর গণপূর্ত বিভাগ, ঢাকা/ গণপূর্ত ই-এম বিভাগ-৬, ঢাকা।
- ১০। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত এমআইএস (ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম) বিভাগ-২, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ১১। সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা শাখা-২, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২-তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা। ইহা তার পূর্ব পৃষ্ঠায় বর্ণিত স্মারকের বরাত বহন করে।
- ১৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ১৪। তত্ত্বাবধায়ক, উন্নয়ন শাখা-৩/ প্রগতি শাখা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ১৫। গার্ড নথি, হিসাব শাখা-১/ হিসাব সেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

(আশেক আহমেদ শিবলী)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)

গণপূর্ত অধিদপ্তর, ঢাকা

ফোনঃ ৯৫৬৮৯১৪ ফ্যাক্সঃ ৯৫৫৪৬২৪

se.coord@pwd.gov.bd

১৯/০৫/১৯

১৯/০৫/১৯